

# যুগান্তর

15 তৃগ 2013

## গাজীপুরে মাদক মামলায় যুবকের যাবজ্জীবন

### কারাদণ্ড

গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে এক যুবককে যাবজ্জীবন কারাদণ্ড, পাঁচ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও এক মাসের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে। দণ্ডপ্রাপ্ত যুবকের নাম নজরুল ইসলাম। সে টঙ্গী ব্যাংকের মাঠ এলাকার মসলেম উদ্দিন ভূঁইয়ার ছেলে। গাজীপুরের অতিরিক্ত দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মনির কামাল মঞ্জলবার এ রায় ঘোষণা করেন। মামলার সংক্ষিপ্ত বিবরণে জানা যায়, ২০০৩ সালের ৪ নভেম্বর টঙ্গী থানার ব্যাংকের মাঠ এলাকা থেকে ৯১ বোতল ভারতীয় ফেনডিসিলসহ নজরুল ইসলামকে গ্রেফতার করে পুলিশ। এ ঘটনায় টঙ্গী থানায় মামলা দায়ের করা হয়।